

া সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৩৬৯

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩১৭. সালাতে ভারসাম্য বজায় রাখার নির্দেশ প্রসঙ্গে

باب مَا يُؤْمَرُ بِهِ مِنَ الْقَصْدِ فِي الصَّلَاةِ

আরবী

حَدَّثَنَا عُبَيْدُ اللهِ بْنُ سَعْد، حَدَّثَنَا عَمِّي، حَدَّثَنَا أَبِي، عَنِ ابْنِ إِسْحَاقَ، عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ، عَنْ أَبِيهِ، عَنْ عَائِشَةَ، : أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم بَعَثَ إِلَى عُثْمَانَ بْنِ مَظْعُونٍ فَجَاءَهُ فَقَالَ : " يَا عُثْمَانُ أَرَغِبْتَ عَنْ سُنَّتِي " . قَالَ : لَا وَاللهِ يَا رَسُولَ اللهِ! وَلَكِنْ سُنْتَكَ أَطْلُبُ . قَالَ : " فَإِنِّي أَنَامُ وَأُصلِّي، وَأُصلُومُ وَأُفْطِرُ، وَأُنْكِحُ النِساءَ، فَاتَّقِ وَلَكِنْ سُنْتَكَ أَطْلُبُ . قَالَ : " فَإِنَّ لِضَيْفِكَ عَلَيْكَ حَقًّا، وَإِنَّ لِنَفْسِكَ عَلَيْكَ حَقًا، وَإِنَّ لِمَعْمُ وَأُفْطِرْ، وَصَلَلٌ وَنَمْ "

_ صحيح

বাংলা

১৩৬৯। 'আয়িশাহ্ (রাঃ) সূত্রে বর্ণিত। একদা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম 'উসমান ইবনু মাযউন (রাঃ)-কে ডেকে পাঠালেন। তিনি এলে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, হে 'উসমান! তুমি কি আমার সুন্নাতকে এড়িয়ে চলছো? তিনি বললেন, না, আল্লাহর শপথ, হে আল্লাহর রসূল! বরং আমি আপনার সুন্নাতেরই প্রত্যাশী। তিনি বললেনঃ আমি (রাতে) ঘুমাই এবং সালাতও আদায় করি, সওম পালন করি এবং ইফতারও করি এবং নারীদেরকে বিবাহও করি। হে উসমান! আল্লাহকে ভয় করো! কেননা তোমার প্রতি তোমার পরিবারের হক আছে, তোমার মেহমানের হক আছে এবং তোমার নিজের শরীরেও হক আছে। কাজেই তুমি সওম পালন করবে এবং ইফতারও করবে, সালাত আদায় করবে এবং নিদ্রায়ও যাবে।[1]

সহীহ।

English



Narrated 'Aishah:

The Prophet (called 'Uthman b. Maz'un. When he came to him, he said: 'Uthman, did you dislike my practice? He said: No, by Allah, but I seek your practice. He said: I sleep, I pray, I keep fast, I (sometimes) leave fast, and I marry women. Fear Allah, 'Uthman, your wife has a right on you, your guest has a right on you, your self has a right on you; you should keep fast and (sometimes) leave fast, and pray and sleep.

ফুটনোট

[1] আহমাদ (৬/২৬৮)। হায়সামী এটি মাজমাউয যাওয়ায়িদ (৪/৩০১) গ্রন্থে বর্ণনা করেছেন এবং এটিকে আহমাদ ও বাযযারের দিকে সম্পর্কিত করে বলেছেনঃ আহমাদের সনদের রিজাল বিশ্বস্ত। শায়খ আলবানী ইরওয়াউল গালীল গ্রন্থে বলেনঃ এর সানাদ ভাল, ইবনু ইসহাক্ষের শ্রবণ স্পষ্ট হয়েছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন